

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২০৩
জিরানীয়া, ১৪ মার্চ, ২০২৪

জিরানীয়া মহকুমায় উন্নয়ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা বৈঠকে পর্যটনমন্ত্রী
উন্নয়নমূলক কাজের সুফল মানুষ যাতে দ্রুত পেতে পারেন তা সুনিশ্চিত করতে হবে

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্প কর্তৃতুরু জনগণের কাছে দিয়ে
পৌছেছে তার মূল্যায়ণ করে কাজের গতি আরও বাড়ানোর জন্য পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী
আধিকারিকদের নির্দেশ দিয়েছেন। তিনি আজ জিরানীয়া মহকুমা কার্যালয়ের কনফারেন্স হলে
আয়োজিত বিভিন্ন দপ্তরের কাজের পর্যালোচনা বৈঠকে অংশ নিয়ে বলেন, বিভিন্ন উন্নয়নমূলক
কাজের সুফল মানুষ যাতে দ্রুত পেতে পারেন তা সুনিশ্চিত করতে হবে। জিরানীয়া মহকুমা এলাকায়
১০০ শতাংশ বাড়িতে যাতে পানীয়জলের সংযোগ দেওয়া যায় সেবিষয়ে দ্রুত পদক্ষেপ নেওয়ার
জন্য তিনি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন।

বৈঠকে পানীয়জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের প্রতিনিধি জানান, জিরানীয়া ব্লক এলাকার
প্রতিটি বাড়িতে পরিশুত পানীয়জল পৌছে দেওয়ার লক্ষ্যে এখন পর্যন্ত ৫৩টি ডিপ টিউবওয়েল
বসানো হয়েছে। এছাড়া ৩০টি আয়রন রিমুভ্যাল প্লান্ট চালু রয়েছে। আরও ১১টি প্ল্যান্ট বসানোর
কাজ চলছে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের আধিকারিক জানান, রাণীরবাজার পুর পরিষদ
এলাকায় বিভিন্ন সামাজিক ভাতা পাচ্ছেন ১,৭ ১২ জন। জিরানীয়া নগরপঞ্চায়েত এলাকায় ভাতা
পাচ্ছেন ৮২৭ জন। জিরানীয়া ব্লক এলাকায় ভাতা পাচ্ছেন ৪,৫৬৫ জন। কৃষি ও কৃষক কল্যাণ
দপ্তরের প্রতিনিধি জানান, পিএম কিষাণ প্রকল্পে ব্লক এলাকায় এখন পর্যন্ত ২,৮২৬ জন কৃষক
উপকৃত হয়েছেন। বৈঠকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রতিনিধি জানান, মুখ্যমন্ত্রী জন আরোগ্য
যোজনায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য আবেদনপত্র সংগ্রহ করার কাজ চলছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের
প্রতিনিধি বৈঠকে জানান, মুখ্যমন্ত্রী প্রাণীপালন সম্মান নিধি প্রকল্পে জিরানীয়া মহকুমার বেলবাড়ি,
মান্দাই, জিরানীয়া ও পুরাতন আগরতলা ব্লকের ৪৫ জন করে প্রাণীপালককে ৬ হাজার টাকা
করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। মৎস্য দপ্তরের প্রতিনিধি বৈঠকে জানিয়েছেন চলতি
অর্থবচরে এখন পর্যন্ত ৮৯৬ জন মৎস্যচাষির মধ্যে মাছের পোনা বিতরণ করা হয়েছে।

সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু
দাস, ভাইস চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস,
ভাইস চেয়ারপার্সন রিতা দাস, রাণীরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুল্কদাস, ভাইস
চেয়ারপার্সন প্রবীর কুমার দাস, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তিরঙ্গন চাকমা, অতিরিক্ত
মহকুমা শাসক অনিমেষ ধর, জিরানীয়ার বিডিও মহম্মদ তুষার আলম প্রমুখ।
